

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ, সলিসিটর অনুবিভাগ
সিনিয়র সহকারী সচিব (সিভিল-১) এর কার্যালয়
বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
www.lawjusticediv.gov.bd


স্মারক নং-মিস-০৯/২০১৮(সল-২)-২৫৭

তারিখ: ০৩/০৪/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আপিল ট্রাইব্যুনালের রায়, ডিক্রি এবং আদেশের বিরুদ্ধে প্রস্তাব প্রেরণ না করা প্রসঙ্গে।

- সূত্রঃ ১। ভূমি মন্ত্রণালয়ের আইন অধিশাখা-৪ এর বিগত ২৮/১০/২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং ৩১.০০.০০০০.০৪৫.৬৮.০১৫(অংশ).১৫-৪২৭
২। একই মন্ত্রণালয়ের বিগত ০৯/০১/২০১৭ খ্রিঃ স্মারক নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৫৮.১৬-১০
৩। একই মন্ত্রণালয়ের বিগত ২৩/০২/২০১৭ খ্রিঃ তারিখের স্মারক নং ৩১.০০.০০০০.০৪৫.৬৮.০০৮.১৬-৬৪
৪। একই মন্ত্রণালয়ের বিগত ০৫/০৩/২০১৭ খ্রিঃ তারিখের স্মারক নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৫৮.১৬-৭০

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের মর্মানুযায়ী নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ২২(৩) ধারার বিধান বিদ্যমান থাকাবস্থায় এবং ভূমি মন্ত্রণালয়ের বিভিন্ন স্মারকে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনালের রায় বাস্তবায়নের উপর্যুক্ত নির্দেশনা থাকার পরও জেলা প্রশাসকগণ প্রতিনিয়ত বাংলাদেশ সুপ্রিমকোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগে রিট দায়েরের জন্য আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগে প্রস্তাব প্রেরণ করছে। এক্ষেত্রে সুনির্দিষ্ট আইন ও বিধিবহির্ভূত ভাবে বাংলাদেশ সুপ্রিমকোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগে রিট দায়েরের জন্য প্রস্তাব প্রেরণ করায় আইনগত জটিলতার সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিভ্রান্তি ছড়াচ্ছে। এমতাবস্থায়, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আপিল ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে আর কোন প্রতিকার চাওয়ার সুযোগ না থাকায়, মাননীয় হাইকোর্ট বিভাগে রিট দায়েরের জন্য সলিসিটর অনুবিভাগে কোন প্রস্তাব প্রেরণ না করার জন্য সকল জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।



(মোঃ শফিউল আলম)

সিনিয়র সহকারী সচিব (সিভিল-১)

sas_civil1@lawjusticediv.gov.bd

০২-৫৫১১০৩৮৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সকল জেলা প্রশাসকদের উপর্যুক্ত বিষয়ে প্রস্তাব প্রেরণ না করার জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

২। সচিব, ভূমি মন্ত্রণালয় (উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।